

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫১৭

আগরতলা, ৯ অক্টোবর, ২০২৪

যুবরাজনগর ব্লকে কৃষি ও উদ্যান বিষয়ক কর্মশালা

উত্তর ত্রিপুরা জেলার যুবরাজনগর ব্লকের কৃষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সম্প্রতি এক কর্মশালা অনুষ্ঠিত হয়। যুবরাজনগর কৃষি মহকুমার কনফারেন্স হলে অনুষ্ঠিত এই কর্মশালায় কৃষকদের কৃষি ও উদ্যান চাষ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। কর্মশালায় ব্লক এলাকার ৮৫ জন কৃষক অংশ নেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান, প্রধান, উপপ্রধান, পানিসাগর কেভিকে'র সিনিয়র সায়েন্টিস্ট, নাবার্ডের ডিডিএম ও এইচডিএফসি আর্গোর প্রতিনিধিগণ। যুবরাজনগর কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক বিজন শর্মা এই সংবাদ জানান।

\*\*\*\*\*